



কর্মসংস্থান ব্যাংক
(রাষ্ট্র মালিকানাধীন একটি আর্থিক প্রতিষ্ঠান)

বেকার যুবদের বিশ্বস্ত বন্ধু।

ঋণ ও অগ্রিম বিভাগ

সাকুলার লেটার নম্বর : কেবি/প্রকা/ঋঅবি-০১(০১)/(অংশ-০৩)/২০১৬-২০১৭/১১০৫

তারিখ : ১৪ জুন ২০১৭

সকল বিভাগীয় প্রধান/
সকল আঞ্চলিক ব্যবস্থাপক/
সকল শাখা ব্যবস্থাপক
কর্মসংস্থান ব্যাংক।

**বিষয় : বদলির আদেশ প্রাপ্তির পর শাখা ব্যবস্থাপক, আঞ্চলিক ব্যবস্থাপক এবং
বিভাগীয় প্রধান কর্তৃক ঋণ মঞ্জুর ও বিতরণ।**

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে ঋণ ও অগ্রিম, ঋণ আদায় ও আইন এবং গবেষণা বিভাগের ০২.০৩.২০০৯ তারিখের পত্র সূত্র নম্বর-কেবি/প্রকা/ঋণ-০৭(অংশ)/২০০৮-০৯/২৩৯০(১১০)-এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। উক্ত পত্রের ০২ (গ) উপ-অনুচ্ছেদ নিম্নরূপ :

“নিয়ন্ত্রণ বহির্ভূত কারণে শাখা ব্যবস্থাপক শাখা থেকে নির্ধারিত সময়ের মধ্যে ছাড়পত্র গ্রহণে অপারগ হলে প্রধান কার্যালয়ের অনুমতি গ্রহণ সাপেক্ষে ঋণ মঞ্জুর ও বিতরণ করতে পারবেন”।

০৩। সম্প্রতি কতিপয় শাখা ব্যবস্থাপক, সংশ্লিষ্ট আঞ্চলিক ব্যবস্থাপক এমনকি কোনো ক্ষেত্রে সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান একযোগে বদলি হওয়ায় মাঠ পর্যায়ে ঋণ মঞ্জুর ও বিতরণে জটিলতার সৃষ্টি হয়েছে।

০৪। এ ধরনের জটিলতা নিরসনকল্পে বদলির আদেশ প্রাপ্তির পর শাখা ব্যবস্থাপক, আঞ্চলিক ব্যবস্থাপক এবং বিভাগীয় প্রধান কর্তৃক ঋণ মঞ্জুর ও বিতরণের ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হলো :

ক) শাখা ব্যবস্থাপক বদলির আদেশ প্রাপ্তির পর ছাড়পত্র গ্রহণের পূর্ব দিন পর্যন্ত ব্যবসায়িক ক্ষমতার মধ্যে ঋণ মঞ্জুর ও বিতরণ করতে পারবেন;

খ) আঞ্চলিক ব্যবস্থাপক এবং বিভাগীয় প্রধান বদলির আদেশ প্রাপ্তির পর ছাড়পত্র গ্রহণের পূর্ব দিন পর্যন্ত ব্যবসায়িক ক্ষমতার মধ্যে ঋণ মঞ্জুর করতে পারবেন।

০৫। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

(গৌতম সাহা)

উপ-মহাব্যবস্থাপক

০২-৯৫৭১৭৭৯

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্তে ওয়েবসাইট থেকে পত্রের কপি সংগ্রহের জন্য অনুরোধ করা হলো :

- ০১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
- ০২। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (প্রশাসন/পরিচালন/হিসাব/নিরীক্ষা) মহোদয়ের দপ্তর, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
- ০৩। সকল উপ-মহাব্যবস্থাপক/সহকারী মহাব্যবস্থাপক (বিভাগীয় দায়িত্বে), কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
- ০৪। উপ-মহাব্যবস্থাপক, আইটি ও প্রকৌশল বিভাগ, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। তাঁকে পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে সন্নিবেশিত করার জন্য অনুরোধ করা হলো;
- ০৫। সকল সহকারী মহাব্যবস্থাপক, কর্মসংস্থান ব্যাংক, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী;
- ০৬। বোর্ড সচিব, পর্যদ সচিবালয় ও জনসংযোগ বিভাগ, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
- ০৭। অফিস নথি।

(মো: আমিরুল ইসলাম)

সহকারী মহাব্যবস্থাপক